



<b>Policy name: Code of Conduct</b> নীতিমালার নাম: আচরণ বিধি	
<b>Policy owner: Sr. Director, Global HR</b> নীতিমালা প্রণেতা: সিনিয়র ডিরেক্টর, গ্লোবাল এইচআর	<b>Effective: 10/1/ 2018</b> কার্যকর দিন তারিখ: ১০/০১/২০১৮
<b>Version: 1.0</b> সংস্করণ: ১.০	<b>Last Reviewed:</b> সর্বশেষ পর্যালোচনা:

## WHY A CODE OF CONDUCT:

We believe God created humankind in His image, set apart from the rest of His creation. As such there is value in every human life--every person on Earth is precious, uniquely created and loved by God, worthy of respect and dignity.

### কেন এই আচরণ বিধি:

আমরা বিশ্বাস করি, সৃষ্টিকর্তা অন্যান্য সকল সৃষ্ট বিষয়গুলো থেকে পৃথক করে মানব জাতিকে তাঁর নিজ প্রতিমূর্তিতে সৃষ্টি করেছেন। প্রতিটি মানুষের জীবনের মূল্য রয়েছে--পৃথিবীর প্রত্যেক ব্যক্তিই মূল্যবান, তিনি সকলকেই অনন্য এবং আলাদাভাবে সৃষ্টি করেছেন এবং ভালবেসেছেন, সকলেই শ্রদ্ধা এবং মর্যাদার যোগ্য।

This Code of Conduct upholds the Heartbeat of the organization and sets the standard by which FH and its personnel operate, safeguarding the organization, its employees and beneficiaries, and guiding our actions as we live out our Heartbeat and honor each other as image bearers.

এই আচরণ বিধি সংস্থার হার্টবিটকে সমর্থন ও অনুমোদন করে এবং সেই মানদণ্ড ধার্য করে, যা দ্বারা এফএইচ এবং এর কর্মী ও উপকারভোগীরা সুরক্ষিত এবং পরিচালিত হয়ে থাকে, এবং এটি আমাদের জীবনের ক্রিয়াকলাপগুলিকে হার্টবিট দ্বারা পরিচালিত করে আর সৃষ্টিকর্তার প্রতিচ্ছবি বহনকারী হিসাবে একে অপরকে সম্মান করে।

This Code is based on our commitment to the Bible, our shared Belief, Ethics, Commandments and Prayer. The Code is not a substitute for other established policies and guidelines but seeks to complement current policies. As representatives of FH, all who serve with FH will be expected to abide by this Code.

এই আচরণ বিধি হল বাইবেল/পাক্ কিতাবের প্রতি আমাদের প্রতিশ্রুতি, আমাদের শেয়ারকৃত বিশ্বাস, নৈতিক, আদেশ এবং প্রার্থনা/মোনাজাত ভিত্তিক। এই আচরণ বিধি অন্যদের প্রতিষ্ঠিত নীতিমালা এবং নির্দেশিকা বা গাইডলাইন গুলোর বিকল্প কোন বিষয় নয়, বরং এটি বর্তমান নীতিমালাকে সমৃদ্ধিতর করে। এফএইচ আশা করে, এফএইচ-এর প্রতিনিধি হিসাবে যারা এফএইচ-এর সেবা কাজে নিয়োজিত তাদের প্রত্যেকেই এই আচরণবিধি মেনে চলবে।

While recognizing that local laws and cultures differ considerably from one country to another, this Code reflects FH's fundamental beliefs and values while upholding international legal standards. FH acknowledges that even though personnel have both a professional role and a private life, such distinctions may not be made by external observers. Therefore, personnel are required to abide by the Code, understanding that their behavior--both at work and outside of work--may impact FH's mission to see all forms of human poverty ended worldwide.

এক দেশে থেকে আরেক দেশের বিধিবিধান, রীতিনীতি এবং সংস্কৃতির যে পার্থক্য ও ভিন্নতা রয়েছে এফএইচ তা স্বীকার করে, এই আচরণবিধি এফএইচ এর মৌলিক বিশ্বাস এবং মূল্যবোধকে প্রতিফলিত করে এবং আন্তর্জাতিক বৈধ মানদণ্ডগুলোকেও ধারণ করে। যদিও কর্মীদের পেশাগত ভূমিকা এবং ব্যক্তিগত জীবনকে এফএইচ স্বীকার করে তথাপি সংস্থা মনে করে বাহ্যিক কোন পর্যবেক্ষক দ্বারা এর মাঝে এধরনের কোন প্রভেদ বা পার্থক্য তৈরি করা যাবে না। আর সেকারণে কর্মীদের এই আচরণবিধি মেনে চলতে বলা হয়েছে, যেন বিশ্বব্যাপী সকল ধরনের দারিদ্রতা বিমোচনে এফএইচ-এর যে লক্ষ্য রয়েছে, তার ফলাফলগুলোকে তারা যেন কর্মক্ষেত্রে অথবা কর্মক্ষেত্রের বাইরে উভয় অবস্থাতেই তাদের আচার আচরণের মধ্য দিয়ে উপলব্ধি করতে এবং বুঝতে পারে।

**SCOPE:** This Code applies to all FH employees as well as both employed and volunteer officers, directors, partners, representatives, volunteers, and anyone else associated with the delivery of FH work (“personnel”). This Code applies to FH personnel at all times, including when they are on duty, off duty, or on leave.

This list is not all-inclusive but rather examples of lifestyle and moral beliefs that FH upholds. Adherence is an integral part of every employee's condition of continued employment with FH.

**সুযোগের ক্ষেত্র:**

এই আচরণ বিধি এফএইচ-এর সকল কর্মী, স্বেচ্ছাসেবক অফিসার, পরিচালক, সহযোগী ব্যক্তি, সংস্থা, প্রতিনিধি, স্বেচ্ছাসেবক এবং এফএইচ এর কাজের সংগে জড়িত সকল ব্যক্তির জন্য প্রযোজ্য। এই নীতিমালা এফএইচ কর্মীদের জন্য সবসময় তাদের দায়িত্বে নিয়োজিত অবস্থায়, কাজের বাইরে বা ছুটিতে থাকা অবস্থায় সকল ক্ষেত্রেই প্রযোজ্য।

এই তালিকাটি মূলত এফএইচ যে জীবনধারা ও নৈতিক বিশ্বাসকে সমর্থন করে তারই একটি উদাহরণ এখানে সকল কিছু অন্তর্ভুক্ত নয়। এফএইচ এর কর্মী হিসাবে নিয়মিতভাবে কাজ করার শর্তের মধ্যে আনুগত্য হচ্ছে একটি অবিচ্ছেদ্য অংশ।

## THE CODE:

**We follow Jesus - We are ambassadors of Jesus in our thoughts, words, and deeds.** Jesus instructed his followers of the two greatest commandments: to love the Lord your God with all your heart, soul and mind; and to love your neighbor as yourself. [Mt. 22:36-40] At FH, we live out our love for others because:

আচরণ বিধি:

আমরা যীশুর/ঈসার আদর্শের অনুসারী- আমরা আমাদের চিন্তা, কথা এবং কাজে যীশুর/ঈসার দূত। যীশু/ঈসা তাঁর অনুসারীদের দুইটি মহান আদেশ দিয়েছেন: তোমরা প্রত্যেকে তোমাদের সমস্ত অন্তর, সমস্ত প্রাণ, সমস্ত মন দিয়ে তোমাদের প্রভু ঈশ্বরকে ভালবাসবে; এবং তোমার প্রতিবেশীকে নিজের মত ভালবাসবে। [মথি ২২:৩৬-৪০] এফএইচ-এ, আমরা অন্যদের ভালবাসার জন্য জীবন যাপন করছি কারণ:

We believe all lives are precious and that children are a gift from God. We are committed to protecting children and any other vulnerable individuals as described in the Safeguarding Policy. This means treating all children with respect, honoring and caring for them regardless of their race, social background, age, sex, religion, disability, skin color, nationality, and beliefs while opposing all forms of child exploitation and child abuse including child sexual abuse.

আমরা বিশ্বাস করি, সবার জীবনই মূল্যবান এবং শিশুরা সৃষ্টিকর্তার উপহার। সুরক্ষা নীতিমালা অনুসারে শিশু ও অসহায়দের সুরক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এর মানে হল, যৌন নির্যাতন সহ সকল ধরনের শিশু নিপীড়ন, নির্যাতনের বিপরীতে জাতি, সামাজিক অবস্থান, লিঙ্গ, বয়স, ধর্ম, বর্ণ, অক্ষমতা, জাতীয়তা এবং ধর্মীয় বিশ্বাস এগুলো বিবেচনা না করে সম্মান ও যত্নশীল মনোভাব নিয়ে সকল শিশুর সংগে সমান আচরণ করা।

We believe all people are of great value, regardless of age, race, sex, development, appearance or ability, or any other distinguishing feature. [Ps 8:4-5; Mt 6:26; Jn 3:16]

বয়স, জাতি, লিঙ্গ, উন্নয়ন, চেহারা বা সক্ষমতা নির্বিশেষে অথবা যে কোন স্বতন্ত্রের অধিকারী হোক না কেন, আমরা বিশ্বাস করি সকল মানুষই মূল্যবান। [গীতসংহিতা/জবুর শরীফ ৮:৪-৫; মথি ৬:২৬; যোহন/ইউহোন্না ৩:১৬]

**Our work is relational - We pursue reconciled relationships of grace with those with whom we work, partner and serve.** As followers of Jesus, we live peaceably with others [Rom 12:18] and pursue reconciliation when:

আমাদের কাজ হল সম্পর্ক স্থাপন করা - আমরা যাদের সাথে কাজ করি, সেবা প্রদান করি এবং আমাদের সহযোগী তাদের সাথে সুসম্পর্ক পুনঃস্থাপন করি। যীশু/ঈসার আদর্শের অনুসারী হিসাবে আমরা অন্যান্যদের সংগে শান্তিতে বাস করি [ রোমীয় ১২: ১৮] আর পুনর্মিলনের সেই পথ অনুসরণ করি যখন:

We are open, honest, transparent and trustworthy in our dealings with beneficiaries, partners, co-personnel, donors, sponsors, and the communities in which we work.

আমাদের উপকারভোগী, সহযোগী, সহকর্মী, দাতা, স্পন্সর এবং কর্ম এলাকায় আমরা উদার এবং খোলামেলা মনে, সততা, স্বচ্ছতা এবং বিশ্বস্ততার সংগে কাজ করি।

We treat all people fairly and with respect and dignity, seeking to be sensitive to local cultures, customs, and traditions of all peoples, and will strive to avoid behaving in ways that are not acceptable in a particular context. However, when the tradition or practice is considered to be directly contrary to an international human rights instrument or FH standard, FH and its personnel will be guided by the applicable human rights instrument or FH standard.

আমরা মানুষকে সম্মান করি, মর্যাদা দিই এবং সবার সংগে সুন্দর আচরণ করি এবং সকল মানুষের স্থানীয় সংস্কৃতি, প্রথা, রীতিনীতি ও ঐতিহ্যের প্রতি সংবেদনশীল থাকি এবং যে পরিস্থিতিতে যে ধরনের আচরণ গ্রহণযোগ্য নয়, সেই আচরণ এবং মনোভাবকে আমরা সাধারণত এড়ানোর সর্বাত্মক চেষ্টা করি। অধিকন্তু, যে ঐতিহ্য এবং চর্চাগুলো আন্তর্জাতিকভাবে মানুষের অধিকার ও এফএইচ মানদণ্ডের পরিপন্থী, সেক্ষেত্রে এফএইচ এবং এর কর্মীরা এফএইচ-এর মানদণ্ড অথবা মানুষের অধিকারের প্রযোজ্য বিষয়গুলো দিয়ে তাদের পরিচালিত করবে।

We respect the opinions and views of all colleagues, regardless of status or position, knowing that their knowledge and experience has value and can contribute to individual and corporate growth.

সংস্থার সহকর্মীদের পদবী, অবস্থান বিবেচনা না করে তাদের জ্ঞান, অভিজ্ঞতাকে মূল্য দিয়ে তারা যে ব্যব্যক্তিগত ও সম্মিলিতভাবে উন্নয়নে বিশেষ অবদান রাখতে পারে সেগুলোকেই গুরুত্বের সংগে বিবেচনা করে সহকর্মীদের সকলের মতামত ও দৃষ্টিভঙ্গিকে আমরা সম্মান করি।

We believe all actions outside of God's divine design is a sin, and that God's ideal for us is in caring for one another. [Eph 5:29-30]

আমরা বিশ্বাস করি, সৃষ্টিকর্তার ইচ্ছা ও ঐশ্বরিক পরিকল্পনা বিরুদ্ধ যে কোন কাজ ও পদক্ষেপই পাপ/গুনাহ, সৃষ্টিকর্তা আমাদের জন্য একে অন্যকে যত্ন করার আদর্শ স্থাপন করেছেন [ইফিসীয় ৫: ২৯-৩০]।

We do not tolerate any forms of sexual exploitation or abuse and acknowledge that misconduct is grounds for disciplinary measures including summary dismissal. FH specifically prohibits unwelcomed sexual advances or physical contact, sexually oriented gestures and statements, and the display or circulation of sexually oriented pictures, cartoons, jokes, or other materials. It also prohibits retaliation against any employee who rejects, protests, or complains about sexual harassment. A complaint procedure is available to report harassment or abuse.

আমরা যেকোনো ধরনের যৌন নিপীড়ন বা নির্যাতনকে সহ্য করি না এবং স্বীকার করি যে, এ ধরনের অসদাচরণের কারণে কর্মীর শৃঙ্খলা ভঙ্গের পদক্ষেপ এবং চাকরিচ্যুত অন্তর্ভুক্ত হতে পারে। অবাঞ্ছিত যৌন সম্পর্ক, অশ্লিল অঙ্গভঙ্গী করা, অশালীন ভাষা ব্যবহার এবং কোন অশ্লিল ছবি, কার্টুন বা অন্যান্য উপকরণ দেখানো বা প্রচার করা এফএইচ সম্পূর্ণরূপে নিষিদ্ধ করে। এছাড়াও এফএইচ সেই কর্মীর সংগে মেলামেশা এবং সম্পর্ক স্থাপন করাকে নিষিদ্ধ করে, যাদেরকে যৌন হয়রানি করার জন্য প্রত্যাখ্যান করা হয়েছে অথবা যাদের বিরুদ্ধে অভিযোগ রয়েছে। হয়রানি, নির্যাতন বিষয়ে অভিযোগ বা রিপোর্ট করার একটি প্রক্রিয়া রয়েছে।

We pursue reconciliation, seeking to immediately resolve differences and solve interpersonal problems when they arise. [Matthew 18:15-17]

আমরা পুনর্মিলনকে অনুসরণ করি, বৈষম্য ও পার্থক্যগুলো তাৎক্ষণিকভাবে পুনরায় সমাধানের পাশাপাশি আন্তঃব্যক্তিগত কোনো সমস্যা দেখা দিলে সেগুলো সমাধানের চেষ্টা করি। [মথি ১৮: ১৫-১৭]

**We invest wisely and focus on results - We are stewards in God's Kingdom and strive to invest all resources to maximize missional impact.** At FH, our stewardship is kingdom-focused when:

আমরা বিজ্ঞতার সাথে বিনিয়োগ করি এবং ফলাফলগুলোর উপর গুরুত্ব দেই- আমরা আমাদের সৃষ্টিকর্তার রাজ্যের তত্ত্বাবধায়ক এবং মিশনাল কাজের ফলাফল ও প্রভাব বিস্তারে যাবতীয় সম্পদ বিনিয়োগে সচেষ্ট থাকি। এফএইচ-এ আমাদের দায়িত্ব যখন সৃষ্টিকর্তার রাজ্য-কেন্দ্রিক, তখন:

We broaden the Ten Commandments' prohibitions against false witness and theft to include general admonitions towards integrity, truthful speech, and respect for the work and property of others. We extend the Biblical applications of these principles to the 21st century context, including email,

social media, and respect for others intellectual property. [Ex 20:1-17; Lev 19:11; Col 3:23]

আমরা সততা, সত্যবাদিতা এবং অন্যের কাজ ও সম্পত্তির প্রতি শ্রদ্ধাশীল থেকে সাধারণ কিছু উপদেশগুলোকে অন্তর্ভুক্ত করতে মিথ্যা সাক্ষ্য ও চুরি করাকে নিষেধ করা সহ দশ আজ্ঞার নিষেধাজ্ঞাগুলো সম্মান ও প্রসারিত করি। আমরা এই সমস্ত বাইবেলীয় বা পাক্ কিতাব ভিত্তিক নীতিগুলো ২১ শতাব্দীতে দেশ এবং দেশের বাইরে ইমেইল এবং সামাজিক মাধ্যমগুলোতে প্রচার করি, আর অন্যান্যদের মেধা ও জ্ঞানকে সম্মান করি। [যাত্রাপুস্তক/হিজরত ২০: ১-১৭; লেবীয় ১৯:১১; কলসীয় ৩:২৩]

We responsibly steward funds entrusted to our use, maintaining standards of honesty and integrity in financial accountability. We strive to eliminate unnecessary expense, and to make available all possible resources to the people we serve.

সততা ও নিষ্ঠার মান বজায় রেখে অনুদানের তহবিলকে ব্যবহারের জন্য আমরা আর্থিকভাবে দায়বদ্ধ। অপ্রয়োজনীয় কোনো বিষয়ে ব্যয় না করে, আমরা যাদের সেবা করি তাদের প্রয়োজনীয় বিষয়গুলো সাধ্যমত সংস্থান ও যোগান দেওয়ার চেষ্টা করি।

We exercise due care in all matters of official business, and not divulge confidential information about beneficiaries, colleagues, and other work-related matters.

আমরা আমাদের সমস্ত অফিসিয়াল বিষয়ের প্রতি যত্নশীল এবং উপকারভোগী, সহকর্মী এবং অন্যান্য কাজের গোপনীয় বিষয়ের তথ্য অহেতুক প্রকাশ করি না।

We avoid all activities that may be a conflict of interest with employment or the Heartbeat of FH. Activities may include giving or accepting gifts, bribes, discounts, favors or any remuneration from government, beneficiaries, donors, suppliers and other persons, which may be offered as a result of my employment with FH. Additionally, we will not abuse our position of power as FH Personnel by requesting any service or favor from others in return for assistance by FH.

কর্মীদের বা এফএইচ-এর হার্টবিটে এর স্বার্থের সংঘাতমূলক এমন সব ধরনের কার্যক্রমগুলোকে আমরা এড়িয়ে চলি। এই ধরনের কার্যক্রমগুলো হতে পারে- উপহার দেওয়া এবং নেওয়া, ঘুষ, ছাড় দেওয়া অথবা সরকার, উপকারভোগী, দাতা, সরবরাহকারী এবং অন্যান্য ব্যক্তিদের কাছ থেকে যে কোন ধরনের পারিশ্রমিক গ্রহণ করা, এফএইচ-এ চাকরি করার সুবাদে পারিশ্রমিকগুলো কেউ প্রদান করতে পারে।

অধিকন্তু, আমরা এফএইচ-এর কর্মী এফএইচ এর সহায়তার প্রতিদান হিসাবে অন্যান্যদের কোনো সেবা অথবা স্বার্থের অনুরোধ করে আমাদের পদ-পদবীর ক্ষমতার অপব্যবহার করা থেকে বিরত থাকব।

We adopt best practices and evidence-based indicators that demonstrate the quality of our work.

আমরা ভাল অভ্যাস অনুশীলন এবং প্রমাণ-ভিত্তিক সূচক গ্রহণ করি, যার মধ্য দিয়ে আমাদের কাজের গুণগত মান প্রকাশিত হয়।

We perform and discharge our duties with the highest degree of excellence, professionalism, intelligence and skill, continuously seeking to improve individual and organizational performance. We will foster a climate that encourages learning, supports positive change, and applies the lessons learned from experience.

আমরা শ্রেষ্ঠত্ব, পেশাদারিত্ব, বুদ্ধি এবং দক্ষতার সর্বোচ্চ মাত্রায় আমাদের দায়িত্ব সম্পাদন করি এবং ক্রমাগতভাবে ব্যক্তিগত ও সংস্থার কর্মক্ষমতা উন্নয়ন করার চেষ্টা করি। আমরা এমন এক কর্ম পরিবেশ তৈরি করব, যা শিক্ষা গ্রহণ করা ও ইতিবাচক পরিবর্তনকে সহায়তা করার পাশাপাশি অভিজ্ঞতা থেকে শিক্ষণীয় বিষয়গুলো প্রয়োগ করাকে উৎসাহিত করবে।

**We serve with humility - We recognize the dignity of others and put their interests above our own.** At FH we value others above ourselves [Phil 2:3] when:

আমরা নশ্রতার সাথে সেবাদান করি- আমরা অন্যদের মর্যাদাকে স্বীকৃতি দিই এবং নিজেদের স্বার্থের চেয়ে তাদের স্বার্থকে উপরে রাখি। এফএইচ-এ আমরা নিজেদের চেয়ে অন্যদের মূল্যবান বা শ্রেষ্ঠ জ্ঞান করি [ফিলিপীয় ২:৩] যখন:

We do not take advantage of a position of power to enter into any relationship with a colleague, beneficiary, community member, or donor.

কোনো সহকর্মী, উপকারভোগী, কমিউনিটির সদস্য অথবা দাতার সংগে সম্পর্ক স্থাপনের জন্য নিজেদের পদ-পদবীর ক্ষমতার সুযোগ গ্রহণ করি না।

We ensure that our personal and professional conduct is seen to be of the highest standards, keeping with the Heartbeat of FH and this Code of Conduct.

এফএইচ-এর হার্টবিট এবং এই আচরণবিধি বজায় রেখে আমরা আমাদের ব্যক্তিগত এবং পেশাদার আচরণের সর্বোচ্চ মান নিশ্চিত করি।

We seek to observe all local laws and are sensitive to local customs, behaving in a manner that does not undermine national or international perceptions of FH's impartiality. We remain politically neutral and, as an organization, do not have any affiliation to a political party or side with any faction in instances of political conflict.

আমরা স্থানীয় সকল আইন পর্যবেক্ষণ করতে চাই এবং স্থানীয় রীতিনীতিগুলোর প্রতি সংবেদনশীল, এফএইচ এর নিরপেক্ষতা জাতীয় বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিষয়গুলোর কোনো ক্ষতি করে না। আমরা রাজনীতিতে নিরপেক্ষতা বজায় রাখি, আর সংস্থা হিসাবে এফএইচ রাজনৈতিক বিরোধী এবং সহিংস ঘটনায় কোনো রাজনৈতিক দলের সংগে যুক্ত থাকে না।

We comply with all security policy and protocols. Personnel are never expected or encouraged to jeopardize personal safety or that of any colleague, partner organization, or beneficiary. All personnel are expected behave in such a way to avoid any unnecessary risk to the safety, security, health, and welfare of ourselves and others.

আমরা সুরক্ষার সকল নীতি এবং প্রোটোকল মেনে চলি। কর্মীদের ব্যক্তিগত নিরাপত্তা বা কোনো সহকর্মী, সহযোগী সংস্থা/ব্যক্তি, উপকারভোগীদের ব্যক্তিগত নিরাপত্তার হুমকিস্বরূপ বিষয়গুলোকে আমরা উৎসাহিতকরি না। সুরক্ষা, স্বাস্থ্য এবং নিজের ও অন্যেরদের কল্যাণে অপ্রয়োজনীয় ঝুঁকি এড়াতে সকল কর্মী কাছে এধরনের আচরণ আশা করা হয়।

We perform our duties and conduct our private lives in a manner that avoids possible conflicts of interest with the work of FH and our work as personnel of FH.

আমরা আমাদের দায়িত্ব পালন করি এবং আমাদের ব্যক্তিগত জীবনকে এমনভাবে পরিচালনা করি, যেন এফএইচ এর কর্মী হিসাবে সংস্থার কার্যক্রমগুলোতে স্বার্থের সংঘাতমূলক বিষয়গুলো আমরা এড়িয়ে চলতে পারি।

**We pursue beauty, goodness and truth - In a broken world, we are witnesses through our relationships and work of God's beauty, goodness and truth. We show this in our thoughts [Phil 4:8] and actions [Eph 2:10] when:**



আমরা সুন্দর, উত্তমতা এবং সত্যের অবেষণকারী- ভগ্ন এই জগতে আমরা আমাদের সম্পর্ক ও সৃষ্টিকর্তার সৌন্দর্য, ধার্মিকতা এবং সত্য কাজের মধ্য দিয়ে সেই সৌন্দর্য, ধার্মিকতা এবং সত্যের সাক্ষ্য বহন করি। আমরা আমাদের চিন্তা [ফিলিপীয় ৪:৮] এবং কাজে [ইফিষীয় ২:১০] এগুলো প্রদর্শন করি যখন আমরা:

We believe employees should have a tangible concern for the needy. [1 Jn 3:17-18; Prov 14:31; Luke 14:12-13; Ps 82:3-4]

বিশ্বাস করি যে, অভাবীদের প্রতি কর্মীদের বাস্তবসম্মত চিন্তা থাকা উচিত [১যোহন/ইউহোন্না ৩: ১৭-১৮; হিতোপদেশ/মেশাল ১৪: ৩১; লুক ১৪: ১২-১৩; গীতসংহিতা/মেসাল ৮২: ৩-৪]।

We conduct our work and activities preserving and admiring God's creation as a gift for human flourishing.

সৃষ্টিকর্তা প্রদত্ত উপহারগুলোর সংরক্ষণ ও সেগুলো কাজে লাগিয়ে মানুষের বিকাশের জন্য আমরা আমাদের কাজ পরিচালনা করি।

We promote policies worldwide that improve the strength and health of families. [1 Tim 5:8; Titus 2:3-5; Deut 5:16; Prov 1:8; Eph 6:1-3]

যে নীতিগুলো সুস্থ ও সুদৃঢ় পরিবার গঠন করে, তা আমরা বিশ্বব্যাপী প্রচার করি। [ ১ তীমথিয় ৫:৮; তীত ২: ৩-৫; দ্বিতীয় বিবরণ ৫: ১৬; হিতোপদেশ/মেসাল ১: ৮; ইফিষীয় ৬:১-৩]

We respect the privacy of our colleagues, beneficiaries, and partner agencies, and avoid misinformation and gossip.

আমরা আমাদের সহকর্মী, উপকারভোগী এবং সহযোগি সংস্থার প্রতিনিধিদের একান্ত ব্যক্তিগত বিষয়গুলোকে সম্মান করি, এবং ভুল তথ্য ও গুজবের বিষয়গুলোকে এড়িয়ে চলি।

We refrain from all practices that undermine the integrity of the organization including any form of exploitation, discrimination, harassment, retaliation, or abuse of colleagues, beneficiaries and the communities and countries in which we work.

সংঘবদ্ধতা, বৈষম্য, হয়রানি, প্রতিশোধ নেয়া অথবা সহকর্মী, উপকারভোগী এবং যেসকল কমিউনিটি ও দেশের সাথে আমরা কাজ করি তাদের অবমাননা করা সহ যা সংস্থার সততাকে ক্ষুণ্ণ করে আমরা সেই সমস্ত অনুশীলন থেকে বিরত থাকি।

We commit to never work while under the influence of drug-related substances or alcohol that inhibits one's ability to perform their duties or impact their ability to treat others with dignity and respect.

আমরা কখনোই মাদকদ্রব্য বা অ্যালকোহলের প্রভাবে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ না যা কারো কাজ করার ক্ষমতা নষ্ট করে বা অন্যকে সম্মান ও শ্রদ্ধার সাথে আচরণ করার ক্ষমতাকে প্রভাবিত করে।

In addition to the above mentioned standards, I agree to follow FH's policies, including, but not limited to, the Safeguarding Policy and the Anti-Harassment Policy, and policies in the applicable HR Policy Handbook or Employee Handbook.

এছাড়াও, উপরে উল্লিখিত মানদণ্ডগুলো ছাড়াও, এফএইচ-এর সুরক্ষা ও নিরাপত্তা নীতি, হয়রানি-বিরোধী নীতি, এইচআর পলিসি হ্যান্ডবুক অথবা কর্মী হ্যান্ডবুকগুলোকে আমি অনুসরণ করতে সম্মত আছি।

### **Consequences for Violation:**

All personnel are expected to and have the responsibility to immediately report any actions of personnel who act in a manner inconsistent with this Code. Reports are to be made via direct reporting lines, Human Resources, or the Reporting Mechanism listed below.

#### **নীতি লঙ্ঘনের ফলাফল:**

সকল কর্মীর কাছে প্রত্যাশা করে, আচরণ বিধির সংগে অসঙ্গতিপূর্ণ কারো কোনো কাজ সম্পর্কে কর্মীরা যেন তাৎক্ষণিকভাবে রিপোর্ট প্রদান করে। রিপোর্ট গুলো তারা সরাসরি, HR বরাবর অথবা নিম্নে রিপোর্ট করার যে প্রক্রিয়াগুলো রয়েছে সেখানেও করতে পারে।

Employed personnel risk disciplinary action up to and including termination for violations of this Code of Conduct pursuant to the applicable HR Policy Handbook or Employee Handbook. Volunteer personnel risk disciplinary action up to and including removal from their volunteer position with FH.

কর্মী এইচআর পলিসি হ্যান্ডবুক বা কর্মী হ্যান্ডবুক সহ এই আচরণবিধি লঙ্ঘন করে তবে শৃঙ্খলা ভঙ্গের পদক্ষেপসহ এবং চাকরিচ্যুত অন্তর্ভুক্ত হতে পারে। স্বেচ্ছাসেবকদের মাঝে আচরণ বিধি লঙ্ঘনের ঝুঁকি দেখা গেলে সংস্থা থেকে তাদের অপসারণের পদক্ষেপ গ্রহণ করা হবে।

Retaliation against the reporting of Code violations will not be tolerated and may result in further disciplinary action up to and including termination for employed personnel or removal from volunteer position for volunteer personnel. Additionally, intentional false reports or failure to report Code violations may also result in the same; disciplinary actions up to termination or removal from applicable position with FH.

আচরণ বিধি লঙ্ঘনের অভিযোগে রিপোর্ট করার জন্য অভিযুক্ত ব্যক্তি যদি প্রতিশোধমূলক আচরণ করে অথবা তার মধ্যে যদি সেই মনোভাব থাকে, তবে সেই বিষয়টি সংস্থা সহ্য করবে না, সেক্ষেত্রে সংস্থা শৃঙ্খলার ভঙ্গের পদক্ষেপ হিসাবে কর্মীকে সংস্থা থেকে বরখাস্ত বা অব্যাহতি প্রদান করতে পারে এবং ভলান্টিয়ারদের কেউ এধরনের আচরণ করলে তাকে সংস্থা থেকে অপসারণ করার পদক্ষেপ নিতে পারে। কেবল তাই নয়, খারাপ উদ্দেশ্য নিয়ে ইচ্ছাকৃতভাবে কেউ মিথ্যা রিপোর্ট প্রদান করলে অথবা সংস্থার কোনো কর্মী বা ভলান্টিয়ারের বিরুদ্ধে আচরণ বিধি লঙ্ঘনের কোনো রিপোর্ট দিতে ব্যর্থ হলে তাদের ক্ষেত্রেও এফএইচ থেকে বরখাস্ত বা আপসারণ করতে পারে।

## Reporting Mechanism

How to report: FH will accept complaints about violations to policies (such as Safeguarding Policy, Anti-Harassment Policy, Code of Conduct, Whistleblower, etc..) made orally (telephone or in person) or in writing, and in any language.

- Confidential reports can be made via: **fh.ethicspoint.com**
- Confidential phone number: 1-844-989-0384 (US) other countries number see fh.ethicspoint.com
- Email: [whistleblower@fh.org](mailto:whistleblower@fh.org)

### রিপোর্ট প্রদানের প্রক্রিয়া

কিভাবে রিপোর্ট করবেন: এফএইচ সংস্থার নীতিমালা (যেমন-সুরক্ষা ও নিরাপত্তা নীতি, হয়রানি-বিরোধী নীতি, আচরণবিধি, হুইসেলব্লোয়ার নীতি ইত্যাদি) লঙ্ঘন জনিত কোনো অভিযোগ মৌখিকভাবে, (টেলিফোনে অথবা ব্যক্তির সংগে সরাসরি যোগাযোগ করে) অথবা যে কোনো ভাষায় লিখিতভাবে গ্রহণ করবে।

- গোপনীয় রিপোর্টগুলোকে এই ঠিকানায় করা যেতে পারে: **fh.ethicspoint.com**
  - গোপনীয় ফোন নম্বর:1-844-989-0384 (US) অন্যান্য দেশের ফোন নম্বরগুলো এই সাইটে **fh.ethicspoint.com** দেখুন
  - ইমেইল: [whistleblower@fh.org](mailto:whistleblower@fh.org)
-